দৈনিক বাংলা

তারিখ ... 12 NOV 1990 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৪ ...

# ঢাকা ভার্সিটি ছাত্র-শিক্ষকরা ক্লাসে যোগ দিয়েছেন

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষকরা গতকাল ক্লাসে যোগ দিয়েছেন। ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির উদ্যোগে এবং সর্বদলীয় ছাত্র ঐক্যের সহযোগিতায় গতকাল বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ ও ইনস্টিটিউটে ক্লাস অনুষ্ঠিত হয়।

উল্লেখ্য, সরকারী নির্দেশে বিশ্ববিদ্যালয় বন্ধ হয়। সরকারী নির্দেশের মেয়াদ আজ শেষ হবে। প্রতীকী প্রতিবাদ হিসাবে শিক্ষক সমিতি একদিন আগে ক্লাস শুরু করার সিদ্ধান্ত নেয়।

গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## ক্লাসে যোগ দিয়েছেন

(প্রথম পৃঃ পর)

উল্লেখযোগ্য সংখ্যক ছাত্র-ছাত্রী ক্লাসে যোগ দেয়।

সকাল সাড়ে আটটায় বাংলা, সমাজবিজ্ঞান ও রাষ্ট্রবিজ্ঞান বিভাগে কয়েকটি ক্লাস হয়। শিক্ষক এবং ছাত্র-ছাত্রীরা কালো ব্যাজ ধারণ করে ক্লাসে আসেন। অনেক ছাত্র-ছাত্রী মিছিল করে শ্লোগান দিয়ে ক্লাসে যোগ দেন। অধিকাংশ ক্লাসে সরকার-বিরোধী আন্দোলন, বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্তশাসন, সরকারের জারী করা নতুন অধ্যাদেশ প্রভৃতি বিষয়ে আলোচনা হয়।

গতকাল বিভিন্ন রুটে বিশ্ববিদ্যালয়ের ৪/৫টি বাস চলাচল করে। দুপুরে ক্লাস শেষে বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা একটি বাস মিছিল বের করে।

**অভিনন্দন**

ডাকসু'র ভিপি আমানউল্লাহ আমান ও জিএস খায়রুল কবীর খোকন এক যুক্ত বিবৃতিতে ক্লাস শুরু করায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের অভিনন্দন জানিয়েছেন।

এছাড়া, ছাত্রলীগ (সা-মো), বাসদ (মাহবুব); ছাত্র মৈত্রী, বাংলাদেশ লেখক শিবির পৃথক বিবৃতিতে বিশ্ববিদ্যালয়ে ক্লাস শুরু করার জন্য শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের প্রতি অভিনন্দন জানিয়েছে।